



জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
খুলনা ডিভিশন
০৬৯৯-ক, খালিশপুর, খুলনা।
www.nha.gov.bd

স্মারক নং- ২৫.৩৮.৪৭২১.৬১৯.১৪.০২৪.১৯-১৭৬৪

তারিখঃ ২৯-১১-২০২২ খ্রিঃ।

যশোর হাউজিং এস্টেটে ফ্ল্যাট নির্মাণ প্রকল্পে কারপার্কিং/গ্যারেজ বরাদ্দের বিজ্ঞপ্তি

এতদ্বারা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খুলনা ডিভিশনের আওতাধীন “যশোর হাউজিং এস্টেটে মধ্যম আয়ের লোকদের জন্য ফ্ল্যাট নির্মাণ প্রকল্প”-এর আওতায় ভবন নং-৫, ৭, ১৩ ও ১৪ এর বরাদ্দপ্রার্থীদের নিকট হতে আগামী ০৮/১২/২০২২ তারিখ থেকে ২২/১২/২০২২ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে কারপার্কিং/গ্যারেজ বরাদ্দের জন্য নিম্নোক্ত ছক মোতাবেক “চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, ৮২, সেগুনবাগিচা, ঢাকা” বরাবর নিম্নস্বাক্ষরকারীর দপ্তরের মাধ্যমে আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হচ্ছে।

ক্র/নং	বরাদ্দ প্রাপক/ আমোক্তার প্রার্থীর নাম ও পিতা/স্বামীর নাম	ভবন নম্বর	ফ্ল্যাট নম্বর	স্থায়ী ঠিকানা	মোবাইল নং	০০-১১-২০২২ খ্রিঃ পর্যন্ত কিস্তি জমার পরিমাণ	মন্তব্য

বিজ্ঞাপনটি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.nha.gov.bd) এ পাওয়া যাবে। অগ্রস্টী বরাদ্দপ্রাপকগণকে নির্ধারিত ছক মোতাবেক তথ্য উপাত্ত সহকারে আবেদন দাখিল করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, সে সকল বরাদ্দ প্রাপক ফ্ল্যাট বিক্রি সংক্রান্ত মামলায় কর্তৃপক্ষের বিরুদ্ধে অংশ গ্রহণ করেছেন তারা কার পার্কিং এর জন্য আবেদনের যোগ্য বিবেচিত হবেন না। তবে শর্ত থাকে যে, মামলা পরিচালনা করার বিষয়ে অপারগতা প্রকাশ করে তিনশত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে তার মামলা পরিচালনার আইনজীবীর নিকট হতে অনাপত্তি পাওয়া সাপেক্ষে আবেদন দাখিল করতে পারবেন।

বিঃ দ্রঃ ভবনভিত্তিক বরাদ্দপ্রার্থীদের মধ্যে কারপার্কিং-এর বরাদ্দ নিশ্চিত করা হবে।

২৯-১১-২২
(মোঃ মোর্শেদ মাহমুদ চৌধুরী)

নির্বাহী প্রকৌশলী (অঃ দাঃ)

☎-০২-৪৭৭৭০১৫২২

e-mail: ec_khulna@nha.gov.bd